জাতীয় সংসদ নির্বাচন
সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়

# গণবিজ্ঞপ্তি

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচনি এলাকা ৪৭ নওগাঁ-২ আসনের বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব মোঃ আমিনুল হক এর মৃত্যুজনিত কারণে গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১৭ অনুচ্ছেদের (২) দফা এবং ১১ অনুচ্ছেদের (২) দফার বিধান অনুসারে, আমি মোঃ গোলাম মওলা, জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার, নওগাঁ এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানাচ্ছি যে, নির্বাচন কমিশন ০৮ জানুয়ারি ২০২৪/২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ তারিখে প্রজ্ঞাপনের মাধ্যমে উল্লিখিত নির্বাচনি এলাকার ভোটারগণকে একজন জাতীয় সংসদ সদস্য নির্বাচিত করার জন্য নিম্নলিখিত সময়সূচি ঘোষণা করেছেনঃ-

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ০৩ মাঘ ১৪৩০<br>১৭ জানুয়ারি ২০২৪ | বুধবার |
| (খ) | রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ০৪ মাঘ ১৪৩০<br>১৮ জানুয়ারি ২০২৪ | বৃহস্পতিবার |
| (গ) | মনোনয়নপত্র বাছাইয়ে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল দায়ের | : | ০৫-০৯ মাঘ ১৪৩০<br>১৯-২৩ জানুয়ারি ২০২৪ | শুক্রবার-মঙ্গলবার |
| (ঘ) | আপিল নিষ্পত্তি | : | ১০ মাঘ ১৪৩০<br>২৪ জানুয়ারি ২০২৪ | বুধবার |
| (ঙ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ১১ মাঘ ১৪৩০<br>২৫ জানুয়ারি ২০২৪ | বৃহস্পতিবার |
| (চ) | প্রতীক বরাদ্দ | : | ১২ মাঘ ১৪৩০<br>২৬ জানুয়ারি ২০২৪ | শুক্রবার |
| (ছ) | ভোটগ্রহণের তারিখ | : | ২৯ মাঘ ১৪৩০<br>১২ ফেব্রুয়ারি ২০২৪ | সোমবার |

**আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে ব্যালট পেপারের মাধ্যমে স্বচ্ছ ব্যালট বাক্সে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।**

২। পূর্বোল্লিখিত আদেশের অনুচ্ছেদ ১১ এর দফা (৩) অনুসারে ৪৭ নওগাঁ-২ নির্বাচনি এলাকার সকল বাসিন্দাদের জ্ঞাতার্থে আমি আরও জানাচ্ছি যে, আগামী ০৩ মাঘ ১৪৩০/১৭ জানুয়ারি ২০২৪ তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী কোন দিনে সকাল ৯.০০ টা হতে বিকাল ৪.০০ টা পর্যন্ত উল্লিখিত নির্বাচনি এলাকা হতে সংসদ নির্বাচনে অংশগ্রহণ করার জন্য ইচ্ছুক প্রার্থীদের নিকট হতে আমার কার্যালয়ে (জেলা প্রশাসকের কার্যালয়, নওগাঁ) এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয়ে (উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ) মনোনয়নপত্র গৃহীত হবে; সেই সাথে অনলাইনেও মনোনয়নপত্র দাখিল করা যাবে।

৩। উল্লেখ্য যে, ৩০ কার্তিক ১৪৩০/১৫ নভেম্বর ২০২৩ তারিখে নির্বাচনি সময়সূচি ঘোষণার পর ইতোপূর্বে যাদের নাম প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকায় রয়েছে তাদেরকে নতুন করে মনোনয়নপত্র দাখিল করতে হবেনা এবং জামানতের অর্থও জমা দিতে হবেনা।

০৮/১/২০২৪
(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
৪৭ নওগাঁ-২

তারিখঃ ০ ৮ দিন ০ ১ মাস ২ ০ ২ ৪ বৎসর

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২২.২৩-৫১

তারিখ: ০৮/০১/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪। পুলিশ সুপার, নওগাঁ।
৫। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
৬। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, নওগাঁ।
৭। উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ ও সহকারী রিটার্নিং অফিসার, ৪৭ নওগাঁ-২।
৮। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ (গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৯। উপজেলা নির্বাচন অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ।
১০। অফিসার-ইন-চার্জ, পত্নীতলা/ধামইরহাট থানা, নওগাঁ।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।
১২। অফিস কপি।

০৮/১/২০২৪
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
৪৭ নওগাঁ-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়

জাতীয় সংসদ নির্বাচন
সর্বোচ্চ অগ্রাধিকার

## পোস্টাল ব্যালটে ভোটদান সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের জন্য নির্বাচনি এলাকা ৪৭ নওগাঁ-২ আসনের বৈধভাবে মনোনীত প্রার্থী জনাব মোঃ আমিনুল হক এর মৃত্যুজনিত কারণে মাননীয় নির্বাচন কমিশন উক্ত আসনের ভোট গ্রহণের নতুন সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী ভোটগ্রহণের তারিখ আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৪ রোজ সোমবার। জাতীয় সংসদ নির্বাচনে কতিপয় ব্যক্তিবর্গের জন্য পোস্টাল ব্যালট এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগের বিধান রয়েছে।

২। পোস্টাল ব্যালটে ভোটদানঃ গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ২৭ অনুচ্ছেদের বিধান অনুসারে জাতীয় সংসদ নির্বাচনে নিম্নরূপ ব্যক্তিগণ পোস্টাল ব্যালট- এর মাধ্যমে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেনঃ

(ক) ভোটার তালিকা আইন, ২০০৯ এর ধারা ৮ এর উপ-ধারা (৩) এবং (৫) এ বর্ণিত ব্যক্তিবর্গ।

(খ) কোন ব্যক্তি তিনি যে ভোটকেন্দ্রে ভোট দেয়ার অধিকারী সে কেন্দ্র ছাড়া অন্য কোন ভোটকেন্দ্রে নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনের জন্য নিযুক্ত আছেন।

(গ) বাংলাদেশী ভোটার বিদেশে বসবাস করলে।

৩। পোস্টাল ব্যালটে ভোটদানের জন্য আবেদন (ক) দফায় উল্লিখিত ব্যক্তিবর্গ কমিশন কর্তৃক নির্বাচনি সময়সূচির প্রজ্ঞাপন ঘোষণার দিন হতে ১৫ (পনের) দিনের মধ্যে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য রিটার্নিং অফিসারের নিকট বিধি অনুসারে আবেদন করতে পারবেন এবং নির্বাচনের কাজে নিযুক্ত ব্যক্তিগণকেও নির্বাচনি কাজে নিয়োগপ্রাপ্ত হওয়ার সাথে সাথে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট আবেদন করতে হবে।।

৪। কোন ভোটার পোস্টাল ব্যালটে ভোট প্রদানের জন্য তার ব্যালট পেপার প্রাপ্তির পর, নির্ধারিত পদ্ধতিতে, তার ভোট রেকর্ড করবেন এবং ব্যালট পেপারটি তার নিকট প্রেরিত খামে ন্যূনতম বিলম্বের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট ডাকযোগে প্রেরণ করবেন।

উল্লেখ্য যে, নওগাঁ জেলার সংসদীয় আসন ৪৭ নওগাঁ-২ (পত্নীতলা ও ধামইরহাট) এর পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটদানের জন্য যোগ্য ভোটারগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ২৩ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে পারবেন।

৯/১/২০২৪
(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

তারিখ: | ০ | ৯ | দিন | ০ | ১ | মাস | ২ | ০ | ২ | ৪ | বৎসর

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২২.২৩-৫৭

তারিখ: ০৯/০১/২০২৪ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪। পুলিশ সুপার, নওগাঁ।
৫। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ ও সহকারী রিটার্নিং অফিসার, ৪৭ নওগাঁ-২।
৭। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ (গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৮। উপজেলা নির্বাচন অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।
১০। অফিস কপি।

৯/১/২০২৪
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়

জাতীয় সংসদ নির্বাচন
সর্বোচ্চ অগ্রাধিকার

## অনলাইনে মনোনয়নপত্র দাখিল সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় নির্বাচন কমিশন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৪৭ নওগাঁ-২ সংসদীয় আসনের জন্য সময়সূচি ঘোষণা করেছেন। উক্ত সময়সূচি অনুযায়ী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ১৭ জানুয়ারি ২০২৪ রোজ বুধবার। সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ বা তার পূর্বে যে কোন দিন অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করবেন।

২। **মনোনয়নপত্র দাখিল:** গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৬৬ অনুচ্ছেদ এবং গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের বিধান অনুসারে যোগ্য ব্যক্তিগণ অনলাইনে বা ফরম-১ এ সরাসরি মনোনয়নপত্র দাখিল করবেন। নিম্নে বর্ণিত যথাযথ প্রক্রিয়ায় অনলাইনে পূরণ করে সাবমিট করতে হবে:

(১) **অনলাইনে মনোনয়নপত্র দাখিল:** গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এর বিধি এর ৩ উপবিধি (১) (খ), (২) ও (৩) অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হবে:

(ক) অনলাইনে মনোনয়নপত্র দাখিলের জন্য যোগ্য ব্যক্তিগণকে মাননীয় নির্বাচন কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে www.ecs.gov.bd গিয়ে অনলাইনে মনোনয়নপত্র দাখিল লিংকে ক্লিক করতে হবে অথবা সরাসরি মনোনয়নপত্র দাখিলের ওয়েবসাইটে https://onss.ecs.gov.bd যেতে হবে। ওয়েবপোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিলে ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবেন। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।

(খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।

(গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থী তার প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস প্রাপ্তীর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হবেন।

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের তৃতীয় খন্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খন্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ই-মেইলে প্রেরণ করবেন।

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূলকপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য যে, নওগাঁ জেলার ৪৭ নওগাঁ-২ (পত্নীতলা ও ধামইরহাট) সংসদীয় আসনের সম্ভাব্য যোগ্য ব্যক্তিগণ উপরের নির্দেশনা অনুসরণ করে আগামী ১৭ জানুয়ারি ২০২৪ তারিখ বা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে অনলাইনে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন।

(মোঃ গোলাম মওলা)
জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪

তারিখঃ | ০ | ৯ | দিন | ০ | ১ | মাস | ২ | ০ | ২ | ৪ | বৎসর

তারিখ: ০৯/০১/২০২৪ খ্রি:

স্মারক নম্বর- ০৫.৪৩.৬৪০০.১১১.০৪.০২২.২৩-৫৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী।
৪। পুলিশ সুপার, নওগাঁ।
৫। জেলা নির্বাচন অফিসার, নওগাঁ।
৬। উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ ও সহকারী রিটার্নিং অফিসার, ৪৭ নওগাঁ-২।
৭। উপপরিচালক, জেলা তথ্য অফিস, নওগাঁ (গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৮। উপজেলা নির্বাচন অফিসার, পত্নীতলা/ধামইরহাট, নওগাঁ।
৯। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, নওগাঁ।
১০। অফিস কপি।

জেলা প্রশাসক, নওগাঁ
ও
রিটার্নিং অফিসার
দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন-২০২৪